



ঢাকা কমার্স কলেজ



(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত)

College Code: 1375 (DB), 6438 (NU), EIIN: 108207

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: 9023338, 9004942, 9007945, Website: www.dcc.edu.bd


তারিখ: ০৩.১০.২০২০

বিজ্ঞপ্তি

২০২০-২১ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির সকল শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, ০৪ অক্টোবর ২০২০ থেকে অনলাইন ক্লাস অনুষ্ঠিত হবে। সকলকে নিরাপদে ঘরে থেকে নিয়মিত অনলাইন ক্লাসে অংশগ্রহণ করতে বিশেষভাবে বলা হচ্ছে। এছাড়া অনলাইন ক্লাস সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাসমূহ সকল শিক্ষার্থীকে অবশ্যই মানতে হবে।

শিক্ষার্থীদের উদ্দেশ্যে অনলাইন ক্লাস নির্দেশনা

১. অনলাইন ক্লাসে অংশগ্রহণ বাধ্যতামূলক।
২. প্রতি বিষয়ে সপ্তাহে ২/৩টি করে ক্লাস অনুষ্ঠিত হবে।
৩. প্রতিটি ক্লাসের সময় ৪০ মিনিট এবং বিরতি ১০ মিনিট। ১ম পিরিয়ড বিকাল ২:০০-২:৪০, ২য় পিরিয়ড ২:৫০-৩:৩০ ও ৩য় পিরিয়ড ৩:৪০-৪:২০ মিনিট। মেকআপ ক্লাস ৪:৩০-৫:১০ মি.।
৪. Zoom এ্যাপ এর মাধ্যমে ক্লাস হবে। তাই শিক্ষার্থীকে স্মার্ট মোবাইল/ল্যাপটপ/ডেস্কটপ-এ 'জুম' এ্যাপ ডাউনলোড করে এবং ইন্টারনেট সংযোগ বা মোবাইলে এমবি রাখতে হবে।
৫. সেকশন লিস্ট, কেন্দ্রীয় ক্লাস রুটিন ও বিষয়ভিত্তিক ক্লাস রুটিন কলেজ ওয়েবসাইট, ফেইসবুক পেইজ ও ফেইসবুক গ্রুপে দেয়া হয়েছে।
৬. শিক্ষকদের ক্লাস আইডি ও পাসওয়ার্ড অভিভাবকের মোবাইল নম্বরে এসএমএস করে দেয়া হয়েছে।
৭. ক্লাসে অংশগ্রহণের জন্য শিক্ষার্থীর রোল নম্বর ও আইডি নাম উল্লেখ থাকতে হবে। নতুবা ক্লাস থেকে রিমোভ/বাদ করা হবে।
৮. ক্লাসের প্রথম ৩ মিনিট ও শেষ ৩ মিনিট ব্যতিত বাকী ৩৪ মিনিট সকল শিক্ষার্থীকে মাইক্রোফোন মিউট/অফ রাখতে হবে।
৯. শিক্ষার্থীকে পূর্ণসময়/শিক্ষকের নির্দেশনা অনুযায়ী ভিডিও অন রাখতে হবে।
১০. শিক্ষার্থী কোনো চ্যাট করতে পারবে না।
১১. শিক্ষার্থীকে ক্লাস চলাকালীন তার সামনে বই, খাতা, কলম, পেন্সিল, ক্যালকুলেটর ইত্যাদি শিক্ষাসামগ্রী রাখতে হবে।
১২. শিক্ষার্থীর পোশাক ও সাজসজ্জায় শালীনতা থাকতে হবে।
১৩. শিক্ষার্থীর আচার-আচরণে হতে হবে বিনয়ী।
১৪. অনলাইন ক্লাসের বিপক্ষে বা কোনো শিক্ষক-শিক্ষার্থীর সম্মান ক্ষুণ্ন করে সামাজিক মাধ্যমে কোনো পোস্ট দেয়া যাবে না এবং এরূপ ঘটনা সাইবার ক্রাইম হিসেবে গণ্য হবে।
১৫. ক্লাসে যথাসময়ে প্রবেশ এবং পূর্ণ সময় উপস্থিত থাকতে হবে।
১৬. প্রতিদিনের পাঠ ও হোমওয়ার্ক প্রতিদিন সম্পন্ন করতে হবে।
১৭. অন্য সেকশনের ক্লাসে প্রবেশ করা যাবে না।
১৮. শিক্ষকের আইডি ও পাসওয়ার্ড অন্য কাউকে দেয়া চরম শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে।
১৯. সেকশন সংশ্লিষ্ট চেয়ারম্যানের নির্দেশনা অবশ্যই মানতে হবে।
২০. যে কোনো সমস্যার সমাধান ও পরামর্শের জন্য ক্যাপ্টেনের মাধ্যমে চেয়ারম্যানের সাথে যোগাযোগ করতে হবে।
২১. শিক্ষার্থীকে 'Dhaka Commerce College' ফেইসবুক পেইজ, 'Dhaka Commerce College Class Room' ফেইসবুক পেইজ, 'Dhaka Commerce College HSC Session: 2020-21' ফেইসবুক প্রাইভেট গ্রুপ, 'DCC HSC Session: 2020-21 Online Section...' সেকশনভিত্তিক ফেইসবুক প্রাইভেট গ্রুপ-এ অবশ্যই যোগদান করতে হবে।
২২. উক্ত ফেইসবুক পেইজ, ফেইসবুক প্রাইভেট গ্রুপ ও কলেজ ওয়েবসাইট (www.dcc.edu.bd) এর নোটিশ ও অভিভাবকের মোবাইল এসএমএস শিক্ষার্থীকে অবশ্যই প্রত্যহ দেখতে হবে।
২৩. ফেইসবুক প্রাইভেট গ্রুপে যোগদানের জন্য অবশ্যই শিক্ষার্থীর পূর্ণ নাম, শ্রেণি, শিক্ষাবর্ষ, রোল নম্বর ও অভিভাবকের মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
২৪. সেকশনের নির্দিষ্ট প্রাইভেট ফেইসবুক গ্রুপে চেয়ারম্যান ও ২ জন শিক্ষার্থী/ক্যাপ্টেন এডমিন থাকবেন এবং তারা গ্রুপে শিক্ষার্থী যোগদান করবেন। কেবল চেয়ারম্যান এডমিন নির্ধারণ বা পরিবর্তন করতে পারবেন।
২৫. শিক্ষার্থীর আইডি নাম ও রোল নম্বর ব্যতীত কেউ সেকশন গ্রুপে অংশগ্রহণ করতে পারবে না।
২৬. শ্রেণি শিক্ষকবৃন্দ সেকশন গ্রুপে সদস্য হবেন এবং বিষয়ভিত্তিক প্রয়োজনীয় পাঠ পোস্ট করবেন। চেয়ারম্যান সেকশন গ্রুপের সার্বিক নিয়ন্ত্রণ করবেন।
২৭. একই সেকশনের নামে অন্য কেউ পৃথক গ্রুপ বা পেইজ খুলতে পারবে না এবং উক্ত ফেইসবুক পেইজ ও ফেইসবুক প্রাইভেট গ্রুপ ব্যতীত কলেজের নামে অন্য সামাজিক মাধ্যমে যোগদানের বিষয়ে শিক্ষার্থীদের সতর্ক করে দেয়া যাচ্ছে।
২৮. বিশেষ প্রয়োজনে ব্যবহারের জন্য চেয়ারম্যান ও শ্রেণি শিক্ষকদের মোবাইল নম্বর কেবল ক্যাপ্টেন সংরক্ষণ করবে।
২৯. শিক্ষকের প্রযুক্তিগত সমস্যার জন্য উক্ত দিবসেই বিকাল ৪:৩০ টায় মেকআপ-ক্লাস হবে যা সংশ্লিষ্ট শিক্ষক সেকশন গ্রুপে জানিয়ে দিবেন।
৩০. ক্লাসে বিশৃঙ্খলাকারী বা বহিরাগতদের বিষয়ে অন্যান্য শিক্ষার্থীদের সদা সচেতন থাকতে হবে এবং শিক্ষক ও চেয়ারম্যানকে তথ্যাদি দিয়ে সুষ্ঠু ক্লাস সম্পাদনে সহযোগিতা করবে।


অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) ০৩.১০.২০২০

ঢাকা কমার্স কলেজ